গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৬৬.১১-১১

তারিখঃ ২৬ পৌষ ১৪২৭ ব.
১০ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং- ২৯৩/২০২০ (রিট পটিশন নং-৪৫৬১/২০১১ হতে উদ্ভূত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/০৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখ: ৩১/০৫/২০১০ খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, তারিখ: ১৬/০৬/২০১০ খ্রি.
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০২.২০১৩(অংশ-১).৩০৪, তারিখ: ১৬/০৬/২০১০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলাধীন সুলতানপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউটটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ০৬/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (১) নং এবং ৩১/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকমূলে এমপিও তালিকায় নির্বাচিত হয়।

২। পরবর্তীতে একই মন্ত্রণালয়ের ১৬/৬/২০১০ তারিখের সূত্রোক্ত (৩) সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকা হতে উক্ত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়।

৩। ফলে উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্য জনাব মোঃ কফিল উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৪৫৬১/২০১১ মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই সহ মোট ০৩ (তিন) জনকে বিবাদী করা হয়।

৪। রিট পিটিশন নং-৪৫৬১/২০১১ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২৫/০৮/২০১১ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ নিম্নরূপ-
"The respondents concerned are hereby directed to enlist the name of the petitioner's College in the list of MPO within a period of 90 (ninety) days from the date of receipt of the copy of this judgment and order provided the College fulfills the requirements as provided in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 04.02.2010"।

৫। রিট মামলার উক্ত রায়ে/আদেশ এর বিরুদ্ধে সরকার পক্ষে সিপিএলএ নং-১৬৮/২০১৩ মামলা দায়ের করা হয়। উক্ত আপিল মামলায় মহামান্য আপিল বিভাগ কর্তৃক গত ২০/০৭/২০১৪ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/ নির্দেশনা প্রদান করা হয়-
"The leave petition is out of time by 525 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave Petition is dismissed as barred by limitation." ফলে রিট মামলায় প্রদত্ত রায় বহাল রয়ে যায়। অর্থাৎ সরকার পক্ষ কর্তৃক নির্দিষ্ট সময়ের ৫২৫ দিন পর আপিল দায়ের করা হয়।

৬। উক্ত রায়ের পর শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৯/১০/২০১৪ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে মামলার রায় বাস্তবায়ন হিসেবে আলোচ্য প্রতিষ্ঠানটির এসএসসি (ভোকেশনাল) স্তর (বিল্ডিং মেইনটেনেন্স ও জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ট্রেড) এর এমপিওভুক্তির আদেশ জারি করা হয়। সে প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের (অক্টোবর/১৪ হতে) ০৭ (সাত) মাসের বকেয়াসহ মে/১৫ মাসে এমপিওভুক্ত করা হয়েছে মর্মে এমপিও শীট হতে স্পষ্ট হয়।

৭। পরবর্তীতে সুলতানপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট-এর শিক্ষক-কর্মচারীদের ০৬/০৫/২০১০ হতে সেপ্টেম্বর/২০১৪ পর্যন্ত বকেয়া বেতনের সরকারি অংশ পাওয়ার জন্য উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক আবেদন করা হয়। বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ০৭ (সাত) মাসের বকেয়াসহ (অক্টোবর/১৪ হতে) মে/১৫ মাস হতে এমপিও পাওয়ার পর **প্রতিষ্ঠানের পক্ষ হতে স্মারক নং-সুটেক/শের/ভোক/১৬/৩৭, তারিখ: ২০/০৮/২০১৬ খ্রি অনুযায়ী বকেয়া বেতন ভাতার সরকারি অংশ পাওয়ার জন্য আবেদন করা হয় মর্মে ২১/১২/২০২০ খ্রি.তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয়েছে** (উক্ত আবেদনের কপি সংযুক্ত পাওয়া যায়নি)। উক্ত আবেদন কার্যকর না হওয়ায় প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্য জনাব মো: সুলতানা উদ্দিন আহম্মেদ ইলিয়াস কর্তৃক কনটেম্পট পিটিশন নং-২৯৩/২০২০ (রিট পটিশন নং-৪৫৬১/২০১১ হতে উদ্ভূত) মামলা দায়ের করা হয়েছে।

৮। মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক উক্ত কনটেম্পট মামলাটি গত ১১/১১/২০২০ খ্রি. তারিখে শুনানী শেষে রিট পিটিশন নং-৪৫৬১/২০১১ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২৫/০৮/২০১১ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ (ভুলক্রমে রিট পিটিশন নং-১০৬৭০/২০১৯ মামলার ১০/১০/২০১৯ খ্রি. তারিখের আদেশ উল্লেখ করা হয়েছে) প্রতিপালন না করায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা সে মর্মে ০৯/১২/২০২০ তারিখ অথবা উক্ত তারিখের পুর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু কনটেম্পট মামলার রুলনিশি টি গত ০৯/১২/২০২০ খ্রি. তারিখ টিএমইডি'র আইন শাখায় পাওয়া গেছে। আলোচ্য কনটেম্পট মামলায় জনাব মো: আমিনুল ইসলাম খান, সচিব, টিএমইডি মহোদয়-কে ১ নং ডিজি, ডিটিই-কে ২ নং সহ মোট ০৩ (তিন) জনকে রেসপনডেন্ট কনটেম্পটনর করা হয়েছে।

চলমান পাতা নং-০২

৯। যেহেতু রিট পিটিশন নং-৪৫৬১/২০১১ মামলার গত ২৫/০৮/২০১১ খ্রি. তারিখের রায়/আদেশ এবং সিপিএলএ নং-১৬৮/২০১৩ মামলার গত ২০/০৭/২০১৪ খ্রি. তারিখের রায়/নির্দেশনায় উক্ত প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির জন্য কোন তারিখ নির্দিষ্ট করে নির্দেশনা প্রদান করা হয়নি এবং যেহেতু শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে" মর্মে ২৯/১০/২০১৪ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে জারীকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৭ (সাত) মাসের বকেয়াসহ **মে/২০১৫ মাসে (অর্থাৎ অক্টোবর/২০১৪ মাস হতে)** এমপিওভুক্ত করা হয়েছে যেহেতু এমপিওভুক্তি সংক্রান্ত মন্ত্রণালয়ের আদেশের বিষয়ে পিটিশনার কর্তৃক কোন আপত্তি উত্থাপিত হয়নি সেহেতু আবেদনকারী কর্তৃক চাহিত উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ০৬/০৫/২০১০ হতে সেপ্টেম্বর/২০১৪ পর্যন্ত সময়ের বকেয়া এমপিও প্রদানের সুযোগ নেই।

১০। এক্ষণে কনটেম্পট মামলার বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) যেহেতু জবাব (compliance report) দাখিলের সময় ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে বিধায় কনটেম্পট পিটিশন নং-২৯৩/২০২০ (রিট পটিশন নং-৪৫৬১/২০১১ হতে উদ্ভুত) মামলায় জবাব (compliance report) দাখিল করা হয়েছে কিনা?

(খ) জবাব (compliance report) দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে অনুচ্ছেদ নং- (৯) এ উল্লিখিত বিষয়াদি উল্লেখপূর্বক জবাব (compliance report) দাখিলের ব্যবস্থা করা;

(গ) প্রয়োজনে মহামান্য আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;

(ঘ) সচিব মহোদয় কর্তৃক ওকালতনামায় স্বাক্ষর গ্রহণ করা;

(ঙ) কনটেম্পট আদালতের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা এবং হালনাগাদ তথ্যাদি টিএমইডি-কে অবহিত করা;

১১। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১০ এ উল্লিখিত নির্দেশনা মতে ব্যবস্থা গ্রহণক্রমে তথ্য (প্রমাণকসহ) আগামি ২৪/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

(মো: আ: খালেক মিঞা) ১৭/০১/২০২১
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সুপার, সুলতানপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেণ্ট ইনস্টিটিউটটি, ডাকঘর- বাজিতখিলা, উপজেলা- সদর, জেলা- শেরপুর।
৬। অফিস কপি/মাষ্টার কপি।